

বাক্সিতে কম্বাইন্ড ডিগ্রি ইসু-শিক্ষার্থীদের ভোটেই হবে চূড়ান্ত সিদ্ধান্ত

বাক্সি প্রতিনিধি



সংগ্রহীত ছবি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাক্সি) কম্বাইন্ড ডিগ্রির দাবিতে

চলমান আন্দোলনের ভবিষ্যৎ এবার শিক্ষার্থীদের প্রত্যক্ষ ভোটেই

নির্ধারিত হবে। সম্প্রতি বাক্সিতে পশুপালন ও ভেটেরিনারি

সায়েন্স অনুষদের শিক্ষার্থীদের কম্বাইন্ড ডিগ্রির দাবির সুষ্ঠু

সমাধানের লক্ষ্যে গঠিত ৮ সদস্যবিশিষ্ট কম্বাইন্ড ডিগ্রির আন্দোলন

নিষ্পত্তি কমিটি শিক্ষার্থীদের সরাসরি ভোটের মাধ্যমে মতামত

গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন।

বৃহস্পতিবার (১৪ আগস্ট) বিষয়টি নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের

কম্বাইন্ড ডিগ্রির আন্দোলন নিষ্পত্তি কমিটির সদস্য সচিব ও শিক্ষক

সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. আসাদুজ্জামান

সরকার।

আসাদুজ্জামান বলেন, ‘কমিটি ইতোমধ্যেই বিভিন্ন স্টেকহোল্ডারের
সঙ্গে বিস্তারিত আলোচনা সম্পন্ন করেছে এবং প্রাপ্ত মতামতের
ভিত্তিতে একটি দীর্ঘমেয়াদি ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে
বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের মতামত সংগ্রহ করার সিদ্ধান্ত
নিয়েছে।

চলমান আন্দোলনের স্থায়ী সমাধানের লক্ষ্যে উভয় অনুষদের
শিক্ষার্থীদের মতামত ইআরপি সিস্টেমের মাধ্যমে গ্রহণ করা হবে।’
তিনি বলেন, ‘মতামত প্রদানের জন্য ভেটেরিনারি অনুষদের
লেভেল ১ (প্রথম বর্ষ) থেকে লেভেল ৫ (পঞ্চম বর্ষ) এবং
পশুপালন অনুষদের লেভেল ১ থেকে লেভেল ৪ এর শিক্ষার্থীদের
কাছে একটি বিশেষ লিংক পাঠানো হবে।’

ভোটের সময় সীমার বিষয়ে তিনি জানান, ‘শিক্ষার্থীরা ১৪ আগস্ট
রাত ১২টা ১মিনিট থেকে শনিবার (১৬ আগস্ট) দুপুর ১২টা পর্যন্ত
অনলাইনে ভোট দিতে পারবেন। শিক্ষার্থীরা তাদের নিজস্ব
ইআরপি সিস্টেম লগইন করে মতামত প্রদান করবে।

তবে ডিগ্রি সম্পন্নকারী ও ইন্টার্ন শিক্ষার্থীরা এই প্রক্রিয়ায় অংশ
নিতে পারবেন না।’

